# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

## কোটেশন আহ্বান বিজ্ঞপ্তি

বিষয়ঃ সাব ঠিকাদার (পেইন্ট) নিয়োগ সংক্রান্ত।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/ পুনঃনির্মাণ শীর্ষক প্রকেল্পর আওতাভুক্ত খুশিলি কর্তৃক **বরিশাল, পিরোজপুর ও শরীয়তপুর** কেন্দ্রের নির্মাণাধীন ভবনের পেইন্ট/ পলিশের কাজ সম্পাদনের নিমিত্তে নিম্নে কাজের বিবরণ মোতাবেক অভিজ্ঞ প্রতিষ্ঠানের নিকট হতে **প্রতি বর্গফুট অনুযায়ী প্রকল্প ভিত্তিক** রেট কোটেশন আহ্বান করা হলোঃ

| ক্রঃ | কাজের বিবরণ | একক | দর (প্রতি বর্গফুট) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | বরিশাল | পিরোজপুর | শরীয়তপুর | |
| ১। | সিলিং ও ওয়ালে প্লাস্টিক পেইন্ট এর কাজ | প্রতি বর্গফুট | - | - | - | **ক। বরিশাল কেন্দ্রঃ**<br>(১) ৫ম তলা বিশিষ্ট ডরমেটরী ভবন- প্রতি ফ্লোর এরিয়া ৮০০০ বর্গ ফুট (কম/বেশি)<br>(২) ৪র্থ তলা বিশিষ্ট ট্রেনিং সেন্টর/ অফিস ভবন- প্রতি ফ্লোর এরিয়া ২৩০০ বর্গ ফুট (কম/বেশি) |
| ২। | গ্রিল, রেলিং ও সেফটি গ্রিলে এনামেল পেইন্টের কাজ | প্রতি বর্গফুট | - | - | - | **খ। পিরোজপুর কেন্দ্রঃ**<br>(১) ৫ম তলা বিশিষ্ট ডরমেটরী ভবন- প্রতি ফ্লোর এরিয়া ৪১০০ বর্গ ফুট (কম/বেশি)<br>(২) ৪র্থ তলা বিশিষ্ট ট্রেনিং সেন্টর/ অফিস ভবন- প্রতি ফ্লোর এরিয়া ১২০০ বর্গ ফুট (কম/বেশি)<br>(৩) ৫ম তলা বিশিষ্ট স্টাফ কেয়ার্টার ভবন- প্রতি ফ্লোর এরিয়া ২৩০০ বর্গ ফুট (কম/বেশি) |
| ৩। | ভবনের বাহিরে ওয়ালে ওয়েদার কোটের কাজ | প্রতি বর্গফুট | - | - | - | **গ। শরীয়তপুর কেন্দ্রঃ**<br>(১) ৫ম তলা বিশিষ্ট ডরমেটরী ভবন- প্রতি ফ্লোর এরিয়া ৪১০০ বর্গ ফুট (কম/বেশি)<br>(২) ৪র্থ তলা বিশিষ্ট ট্রেনিং সেন্টর/ অফিস ভবন- প্রতি ফ্লোর এরিয়া ১৩০০ বর্গ ফুট (কম/বেশি)<br>(৩) ৫ম তলা বিশিষ্ট স্টাফ কেয়ার্টার ভবন- প্রতি ফ্লোর এরিয়া ১২০০ বর্গ ফুট (কম/বেশি) |
| ৪। | চৌকাঠ পাল্লায় পলিশের কাজ | প্রতি বর্গফুট | - | - | - | কাজ সম্পর্কে জানতে বা বুঝতে সরাসরি প্রকল্প সাইট ভিজিট করতঃ দরপ্রস্তাব প্রদান করার জন্য অনুরোধ করা হলো।<br>(Invitation to Submit a Quotation for Paint/ Polish Sub-Contractor Appointment at Sarkari Sishu Paribar Borishal, Pirojpur & Shariatpur Project under Department of Social Services) |

**কাজের ধরন ও শর্তাবলীঃ**

১। প্রকল্পে নিয়োজিত প্রকৌশলীর নির্দেশনা মোতাবেক ফ্লোর/ ওয়াল/ গ্রিল/ রেলিং ও পাল্লায় পেইন্ট ও পলিশের কাজ সম্পাদন করা।

২। পেইন্ট ও পলিশের কাজে প্রয়োজনীয় কাঁচামাল যেমনঃ প্লাস্টিক পেইন্ট, ওয়াটার সিলার, পাট্টি, চক পাউডার, ওয়েদার কোট, ওয়েল সিলার, স্নোসেম, এনামেল পেইন্ট, তারপিন, থিনার, স্পিরিট, গালা, টি-৬ থিনার, কার্ফা, এলামাটি সিঁদুর, ব্রাউন, ইত্যাদি মালামাল ১ম পক্ষ সরবরাহ করবে।

৩। পেইন্ট ও পলিশের কাজে নিয়োজিত জনবলের জন্য প্রয়োজনীয় মালামাল যেমনঃ রোলার, ব্রাস, পাথর, ওয়াটার/ স্যান্ড পেপার, ফরমিকা, স্ক্র্যাপসহ কাজ করার জন্য প্রয়োজনীয় স্কাফোল্ডিং ও ঝুলমাচা ইত্যাদি মালামাল ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান বহন করবে।

৪। প্রকল্পে দায়িত্বরত প্রকৌশলীর নির্দেশনা মোতাবেক পেইন্ট/ পলিশের জায়গা প্রস্তত করতঃ পর্যায়ক্রমে প্রাইম কোট, ২য় কোট ও ফাইনাল কোটের কাজ সম্পন্ন কতে হবে।

৫। প্রকল্পের নির্দিষ্ট জায়গা বা স্টোর রুম হতে মালামাল গ্রহণ করে ফ্লোরে ফ্লোরে উত্তোলন করতঃ পেইন্ট বসানোর প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে দুরুত্ব ও মালামাল বহনের জন্য কোন অতিরিক্ত অর্থ প্রদান করা হবে না।

৬। প্রকল্পে দায়িত্বরত প্রকৌশলীর চাহিদা মোতাবেক জনবল নিয়োগ করতে হবে। জনবল নিয়োগে অনিহা, কাজ কম ও কাজ বৃদ্ধি পেলে একসাথে শেষ করবো এ ধরণের কোন আপত্তি/ অজুহাত গ্রহণযোগ্য হবে না। প্রকল্পে দায়িত্বরত প্রকৌশলীর নিদের্শনা/ চাহিদা মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।

৭। প্রতিদিনের কাজ শেষে কাজের জায়গা পরিস্কার করতঃ ময়লা/ আবর্জনা প্রকল্পে দায়িত্বরত প্রকৌশলীর নিদের্শ মোতাবেক নির্দিষ্ট জায়গায় ফেলতে হবে।

৮। সেফটি ও স্ট্যান্ডার্ড বজায় রেখে কাজ সম্পন্ন করতে হবে।

৯। কাজ চলাকালীন সময় যদি ঠিকাদার নিজের, তার কর্মচারী বা শ্রমিকদের কোন দূর্ঘটনা ঘটে, উক্ত ঘটনার সকল দায় দায়িত্ব/ ক্ষতিপূরণ ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের উপর বর্তাবে। এ ব্যাপারে কর্তৃপক্ষের কোন দায় থাকবে না।

১০। কাজটি সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ১ জন প্রকৌশলী ও প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

১১। কাজ চলকালীন সময় কোন অগ্রিম/ Daily Fooding Allowance প্রদান করা হবে না।

১২। সর্বনিম্ন ১ লক্ষ টাকার কাজ সম্পন্ন হলে বিল প্রদান করতঃ উক্ত বিল প্রকল্পে নিয়োজিত প্রকৌশলী কর্তৃক যাচাই বাছাইপূর্বক প্রকল্প পরিচালক কর্তৃক অনুমোদন সাপেক্ষে বিল প্রদান করা হবে।

১৩। প্রকল্পসমূহ খুশিলি কর্তৃক সত্ত্বাধিকারী সংস্থা (সমাজসেবা অধিদফতর) হস্তান্তর পরবর্তী ১ বছরের (ওয়ারেন্টি পিরিয়ড) মধ্যে কাজের কোন প্রকার ত্রুটি/ সমস্যা পরিলক্ষিত হলে ঠিকাদার নিজ খরচে উক্ত ত্রুটি/ সমস্যা সমাধান করে দিতে বাধ্য থাকবেন।

১৪। পেইন্ট ও পলিশের কাজে (আবাসিক/ অনাবাসিক/ শিল্প কারখানা) ন্যূনতম ৪ থেকে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১৫। পূর্বে সমজাতীয় কাজ সম্পন্ন করার প্রমাণপত্র দাখিল করতে হবে।

১৬। প্রয়োজনীয় দক্ষ জনবল ও কাজে ব্যবহৃত যন্ত্রপাতি সরবরাহ ও কাজ চলমান রাখার জন্য আর্থিক সক্ষমতা থাকতে হবে।

১৭। প্রতিটি চলতি বিল হতে ৫% জামানত কর্তন করতঃ কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন পরবর্তী জামানতকৃত অর্থ ফেরত প্রদান করা হবে।

১৮। আহ্বানকৃত কোটেশন বুঝতে বা প্রকল্প এলাকা সম্পর্কে জানতে হলে মোঃ রাশেদ খান, সহকারী প্রকৌশলী, নওপ বিভাগ, মোবাইলঃ ০১৭৪৫-৬০৬০৬০ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৯। কোটেশন আহ্বান পরবর্তী প্রকল্প ভিত্তিক আইটেম অনুযায়ী মূল্য তালিকা (প্রতি বর্গফুট অনুযায়ী) পরিস্কারভাবে সীল মোহরকৃত খামে আগামী **২৮ জানুয়ারি ২০২৬** তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে উক্ত কোটেশন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মোঃ মোতাহের হোসেন
কমান্ডার বিএন, প্রকল্প পরিচালক
খুলনা শিপইয়ার্ড লিঃ, বাংলাদেশ নৌবাহিনী
লবনচোরা, খুলনা-৯২০১

20 জানুয়ারি ২০২৬

\\172.16.2.10\dp\2024\Project File Folder\Project-530\Qutation for point dtd 19 Jan 2026.docx